

জেলা ইনোভেশন টিমের এপ্রিল, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : নাহিদ ফারজানা সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর
সভার তারিখ : ১১ এপ্রিল, ২০১৯
সভার সময় : বিকাল ৩:০০
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকার রূপকল্প-২০২১ ঘোষণা করেছেন। এ রূপকল্প বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম দেশ ব্যাপী নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠী যাতে সহজে, দ্রুত এবং স্বল্প ব্যয়ে সরকারি এবং বেসরকারি সেবাসমূহ গ্রহণ করতে পারে, সে লক্ষ্যে নতুন নতুন সেবা উদ্ভাবন এবং তার প্রসারের নিমিত্তে জেলা ও উপজেলা ইনোভেশন টিমসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সহকারী কমিশনার (আইসিটি), পিরোজপুর বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং আয়োজন এবং উক্ত শোকেসিং এ অংশগ্রহণের জন্য এ জেলার গৃহীত শ্রেষ্ঠ, চলমান ও সমাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাইপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা রয়েছে মর্মে সভায় জানান। এবিষয়ে পিরোজপুর জেলায় চলমান ও সমাপ্ত উদ্ভাবনী উদ্যোগ সমূহের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

ক) চলমান পাইলট উদ্যোগের প্রতিবেদন:

ক্রম	উদ্ভাবনী উদ্যোগ	উদ্ভাবকের নাম ও পদবী	পাইলটের স্থান	অগ্রগতি
১	ডিজিটাল আইসিটি ল্যাব স্থাপনের মাধ্যমে আইসিটি দক্ষ জনশক্তি তৈরী	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সাবেক অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর	জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর	প্রশিক্ষার্থী সংগ্রহ এবং প্রশিক্ষণ ল্যাব স্থাপনের কাজ করা হচ্ছে

খ) সমাপ্ত উদ্যোগের প্রতিবেদন:

ক্র.নং	উদ্ভাবন	বাস্তবায়নকারী	অর্জিত ফলাফল
১	ভূমি সেবা সহজীকরণে ভূমি সেবা গৃহ	সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর ০১৭৩৭৯৮৬৪৩০	ক) হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। খ) সকল প্রকার গণশুনানী গ্রহণ হয়েছে। গ) মোবাইল মেসেজের মাধ্যমে সেবা গ্রহীতাদের সেবা সম্পর্কে অবহিত করণ হয়ে থাকে। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হওয়ায় পর্যায়ক্রমে প্রতি উপজেলায় বাস্তবায়ন হচ্ছে।
২	প্রতি পরিবারে পরিবার পরিকল্পনা সেবা	জনাব মোঃ সোহাগ হোসেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইন্দুরকানী ০১৭১৯৮৭৮৬৬৮	ইন্দুরকানী উপজেলার পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী প্রতি পরিবারের সাথে সংশ্লিষ্ট এলাকার স্বাস্থ্যকর্মীর সাথে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়ে থাকে। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হওয়ায় পর্যায়ক্রমে প্রতি উপজেলায় বাস্তবায়ন হচ্ছে।
৩	ভোগান্তিহীন ভিজিডি কার্যক্রম	জনাব আনোয়ারা বেগম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ইন্দুরকানী ০১৭৩১৩৫৬৮৫২	* এক্সেল শিটের মাধ্যমে উপকার ভোগীর তালিকা প্রস্তুত করা হয়েছে। * উক্ত তালিকা থেকে পর্যায়ক্রমে ভিজিডি ভাতা প্রদান করা হয়ে থাকে। * পূর্বের চেয়ে দ্রুততম সময়ে কাজটি নিষ্পত্তি হচ্ছে। প্রকল্পটি ইন্দুরকানী উপজেলায় সফলভাবে সমাপ্ত হওয়ায় পর্যায়ক্রমে প্রতি উপজেলায় বাস্তবায়ন হচ্ছে।

৪	হারালেও পাস বই সহজেই পাবেন ডুপ্লিকেট বই	জনাব মোঃ ইব্রাহিম খলিল উপজেলা সমাজসেবা অফিসার নেছারাবাদ ০১৭১৬৬৬৯২২৫	নেছারাবাদ উপজেলায় কার্যক্রম চলমান থাকায় ভোগান্তিহীন উপকার ভোগীরা সহজেই হারানো পাসবই এর ডুপ্লিকেট বই পাচ্ছে। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হওয়ায় পর্যায়ক্রমে প্রতি উপজেলায় বাস্তবায়ন হচ্ছে।
৫	যুব ই-প্রশিক্ষণ	জনাব মোঃ সেকেন্দার আলী হাওলাদার উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর ০১৭১৪-৮১৩০২৭	* প্রচলিত পদ্ধতির পাশাপাশি ই-মেইলে প্রশিক্ষণের আবেদন গ্রহণ করা হচ্ছে। * প্রশিক্ষণের আবেদন দাখিল করার নিয়মাবলী ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে।
৬	শিক্ষকের দোড়গোড়ায় পেনশন	জনাব মোঃ জালাল উদ্দিন উপজেলা শিক্ষা অফিসার, ভান্ডারিয়া ০১৭১৬৮৯৯৬২২	প্রকল্প বাস্তবায়নের ফলে ভান্ডারিয়া উপজেলার অবসরগ্রহণকারী শিক্ষকদের যথাসময়ে তাদের পেনশন প্রদান নিশ্চিত করা হয়েছে। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হওয়ায় পর্যায়ক্রমে প্রতি উপজেলায় বাস্তবায়ন হচ্ছে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

- ১। বিভাগীয় শহরে অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং অংশগ্রহণের জন্য “শিক্ষকের দোড়গোড়ায় পেনশন” শ্রেষ্ঠ উদ্যোগ হিসেবে মনোনীত করা হলো। বিভাগীয় শহরে অনুষ্ঠিতব্য শোকেসিং-এ মনোনীত উদ্ভাবনটি উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
- ২। সফলভাবে সমাপ্ত পাইলট উদ্যোগসমূহ অন্যান্য উপজেলায় বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

সভাপতি বলেন তথ্য প্রযুক্তি সাধারণ মানুষের কাছাকাছি নিয়ে যেতে হলে সমস্যা থাকা সত্ত্বেও কাজ এগিয়ে নিতে হবে। এছাড়া তিনি পর্যায়ক্রমে উপস্থাপিত সমস্যা সমূহ সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার অনুরোধ জানান। পরিশেষে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(নাহিদ ফারজানা সিদ্দিকী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার
পিরোজপুর

সংখ্যা- ০৫.১০.৭৯০০.০২১.০৬.০০২.১৮-৬৬

তারিখ: ২৮ চৈত্র ১৪২৫ ব:
১১ এপ্রিল ২০১৯ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
- ৩) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) সিভিল সার্জন, পিরোজপুর
- ৬) অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ/সরকারি মহিলা কলেজ, পিরোজপুর
- ৭) উপ-পরিচালক,, পিরোজপুর
- ৮) উপজেলা নির্বাহী অফিসার,, পিরোজপুর
- ৯) সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১০), পিরোজপুর


অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও
জেলা ইনোভেশন অফিসার
পিরোজপুর